



শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট কর্তৃক আয়োজিত
যুব সমাবেশ ২০২৪

জনাব নাজিমুল হাসান এমপি, মাননীয় স্বীকৃত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ড. মহিউদ্দীন আহমেদ, মাননীয় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জনাব আবু তাহের মোঃ মাসুদ রাণা, মণ্ডপকল, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট

ঠাকুর পাইকারিয়া, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট
ঠাকুর পাইকারিয়া, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠার ভিশন নিয়ে এগিয়ে চলেছে। যুবদের সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান পূর্বক প্রতিবছরের ন্যায় ৭ মার্চ/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ইনসিটিউট থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারী, বিভিন্ন যুব সংগঠন প্রতিনিধি, জাতীয় যুব কাউন্সিলের সদস্য, যুব উন্নয়ন অধিদপ্তর মনোনীত জেলা প্রতিনিধি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র প্রতিনিধির সমন্বয়ে ৭০০ (সাতশত) জন যুব ও যুব নারী নিয়ে উৎসবমুখর পরিবেশে ‘যুব সমাবেশ’ ২০২৪” আয়োজন করা হয়। উক্ত যুব সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী জনাব মোঃ নাজিমুল হাসান এমপি। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মহিউদ্দীন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোস্তফা কামাল মজুমদার (অতিরিক্ত সচিব) ও জনাব কাজী মোশতাক জহির (যুগ্ম সচিব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। উক্ত সমাবেশে নির্বাচনী ইশতেহার এর প্রধান অঙ্গীকার এবং সংশ্লিষ্ট অঙ্গীকার বাস্তবায়নে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউটের কর্মকোশল বিষয়ে প্রবক্ত উপস্থাপন জনাব মোঃ রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট। এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউটে কৃতিম বৃদ্ধিমত্তার অন্তর্ভুক্তি এবং ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে প্রবক্ত উপস্থাপন করেন জনাব মোঃ ফজলুল হক পাটওয়ারী, অধ্যাপক, আইসিটি, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়। প্রধান অতিথি যুব সমাবেশ-২০২৪ এ বিভিন্ন বিষয়ের পাশাপাশি বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনাকে অন্তরে ধারণ করে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যার ‘২০৪১’ এ স্মার্ট বাংলাদেশ গড়ার স্পন্দনে সকল যুব ও যুব নারীকে কর্মক্ষেত্র প্রস্তুতকল্পে দক্ষ হওয়ার আহ্বান জানান।

